

# বন্যার্তদের পাশে ঢাবির সতীর্থ ঊনসত্তুরের শিক্ষার্থীরা

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ১৬:৩১, ১১ সেপ্টেম্বর ২০২৪; আপডেট: ১৭:০৩, ১১ সেপ্টেম্বর ২০২৪



ঢাকা বিশ্ববিদ্যালয়

বাংলাদেশের কয়েকটি জেলায় সাম্প্রতিক সময়ের সর্বনাশা বন্যায় দুর্গত মানুষদেরকে আর্থিক সাহায্যে এগিয়ে এসেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ৭২ বছর বয়নোদ্ধ ১৯৬৯ সালের শিক্ষার্থীদের সংগঠন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সতীর্থ ঊনসত্তুর এর সদস্যরা।

UNIBOTS

বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুর এই সংগঠনের সভাপতি। ক্ষতিগ্রস্ত মানুষদের পাশে দাঁড়ানো নৈতিক দায়িত্ব মনে করে এই সংগঠনের বেশ কয়েকজন শিক্ষার্থীদের ব্যক্তিগত অনুদান বাবদ পাঁচ লক্ষ টাকা সংগ্রহ করেছেন।

গতকাল মঙ্গলবার সংগঠনের মহাসচিব শাহজালাল ফিরোজ ও নির্বাহী সদস্য কে.এম.এইচ শহিদুল হক বৈষম্য বিরোধীছাত্র আন্দোলন ও ফ্যাসিবাদী সরকার উৎখাতের প্রধান সমন্বয়কারী অল্পবর্তীকালীন সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের উপদেষ্টা নাহিদ ইসলাম এর মাধ্যমে ৫ লাখ টাকার আর্থিক সাহায্যের পে-অর্ডার প্রধান উপষ্টোর ত্রাণ তহবিলে হস্তান্তর করেছেন।